সাঁথিয়ায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

সাঁথিয়ায় সড়ক দুর্ঘটনায় নিহত
১

সাঁথিয়া প্রতিনিধি: সোমবার (১১ জুলাই) ভোরে সাঁথিয়ায় সড়ক দুর্ঘটনায় আলামিন (২৮) নামে এক করিমন চালক নিহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে, সাঁথিয়া থেকে বেড়া সিএন্ডবি সড়কের তলট নামক স্থানে। চতুর বাজার মাছের আড়তে মাছ নিয়ে যাওয়ার সময় একটি দাড়ানো ট্রাকের সাথে ধাক্কা খেলে করিমনের সামনের অংশটুকু ট্রাকের নিচে ঢুকে ঘটনাস্থলে করিমন চালক আলামিন গুরুতর আহত হয়।

স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে সাঁথিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক আলামিনকে মৃত ঘোষনা করেন।

নিহত আলামিন সাঁথিয়া পৌরসভাধীন গোপিনাথপুর গ্রামের আবু সামার ছেলে।

সাঁথিয়া থানার ওসি নাসির উদ্দিন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, দাড়ানো ট্রাকটি আটক করা হয়েছে।